দৈনিক সংবাদ

তারিখ .... 10 MAR. 1991...
পৃষ্ঠা... ..২.. কলাম... ..২..

২৬

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সিনেটের রেজিস্টার্ড গ্রাজুয়েটদের প্রতিনিধি নির্বাচন মঙ্গলবার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আগামী মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের রেজিস্টার্ড গ্রাজুয়েটদের প্রতিনিধি নির্বাচন। সিনেটের রেজিস্টার্ড গ্রাজুয়েটদের ২৫টি সদস্য পদে এই নির্বাচন অনুষ্ঠিত হবে।

নির্বাচন উপলক্ষে ইতিমধ্যেই প্রার্থীদের প্রচার অভিযান জোরদার

( শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ )

ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পাতার পর )

হয়ে উঠেছে। মোট ১১৯ জন প্রার্থী এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এবারের নির্বাচনে মূলত দু'টি প্যানেলের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হবে বলে ধারণা করা হচ্ছে। প্যানেল দু'টি হলো ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের নীল এবং গোলাপী প্যানেল সমর্থিত গণতান্ত্রিক ঐক্য পরিষদ নামক প্যানেল এবং অপরটি বিশ্ববিদ্যালয়ের সাদা প্যানেল সমর্থিত প্যানেল।

ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও বরিশাল বি. এম কলেজসহ মোট ৪টি কেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠেয় নির্বাচনে মোট ভোটার সংখ্যা ৩ হাজার ১শ' ৫।